



রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী

ঋণ ও অগ্রিম বিভাগ-১

ঋণ/অবি-১ সার্কুলার নং-০২/২০১৮


তারিখ : ২৪.০৫.২০১৮

বিষয় : শস্য/ফসল ঋণ বিতরণ প্রক্রিয়া সহজীকরণ প্রসঙ্গে।

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকে মোট ঋণের পরিমাণ ৪৯৯০ কোটি টাকা, তন্মধ্যে শস্য/ফসল ঋণের পরিমাণ ২৫০৫ কোটি টাকা, যা মোট ঋণের ৫০%। এ ব্যাংক থেকে শস্য/ফসল ঋণ বিতরণের ক্ষেত্রে ৩ (তিন) ধরনের প্রক্রিয়া অনুসরণ করা হয় :

- (ক) প্রচলিত শস্য ঋণ : বাংলাদেশ ব্যাংকের ঋণ নিয়মাচার অনুসরণে সর্বোচ্চ ৫.০০ (পাঁচ) একর জমিতে কোন নির্দিষ্ট শস্য/ফসল উৎপাদনের জন্য স্বল্প মেয়াদে (সর্বোচ্চ ১৮ মাস) ঋণ প্রদান করা হয়। কোন সহায়ক জামানত গ্রহণ করা হয় না। তবে ৫.০০ (পাঁচ) একর জমির উর্ধ্ব ঋণ বিবেচনার ক্ষেত্রে প্রয়োজনীয় সহায়ক জামানত গ্রহণ করা হয়।
- (খ) আবর্তনশীল শস্য ঋণ (RCC) : এ পদ্ধতিতে বাংলাদেশ ব্যাংকের ঋণ নিয়মাচার অনুসরণে সর্বোচ্চ ৫.০০ (পাঁচ) একর জমিতে সারা বছরের শস্য বিন্যাস (Cropping Pattern) বিবেচনায় একাধিক শস্য/ফসলের ঋণ এককালীন মঞ্জুর করা হয়। এ ঋণের মেয়াদ ৩ (তিন) বছর। এক্ষেত্রে কোন সহায়ক জামানত গ্রহণ করা হয় না। তবে ৫.০০ (পাঁচ) একর জমির উর্ধ্ব ঋণ বিবেচনার ক্ষেত্রে প্রয়োজনীয় সহায়ক জামানত গ্রহণ করা হয়।
- (গ) ফার্মার্স ক্রেডিট লিমিট : এ প্রক্রিয়ায় বাংলাদেশ ব্যাংকের ঋণ নিয়মাচার অনুসরণে ২.০০ একর বা তদুর্ধ্ব জমির মালিক কৃষককে সারা বছরের শস্য বিন্যাস (Cropping Pattern) বিবেচনায় মোট উৎপাদন খরচের ৭০ ঃ ৩০ ঋণ-ইকুইটি অনুপাতে সিসি লিমিট আকারে ঋণ মঞ্জুর করা হয়। নিয়মানুযায়ী সহায়ক জামানত গ্রহণ করা হয়।

- ০২। প্রচলিত ও আবর্তনশীল শস্য/ফসল ঋণের ক্ষেত্রে কোন সহায়ক জামানত আবশ্যিক না হলেও জমির মালিকানাশ্বত্বের সমর্থনে শাখাগুলো প্রয়োজনীয় দলিল-দস্তাবেজ ও খাজনার দাখিলা যাচাই করে থাকে। এ প্রক্রিয়ায় কোন কৃষককে খাজনার দাখিলা সংগ্রহের জন্য একাধিকবার ভূমি অফিসে যাতায়াত করতে হয়। এতে সময় ক্ষেপণের পাশাপাশি আর্থিক সংশ্লেষ থাকায় কৃষকগণ ব্যাংক থেকে ঋণ গ্রহণে অসুবিধার সম্মুখীন হন।
- ০৩। শস্য/ফসল ঋণ প্রক্রিয়া সহজীকরণ করা হলে কৃষকদের অতি দ্রুত ঋণ সুবিধা নিশ্চিত করা সম্ভব হবে এবং কৃষকগণ আর্থিকভাবে উপকৃত হবেন।
- ০৪। এমতপ্রেক্ষিতে প্রচলিত শস্য/ফসল ঋণ বিতরণ প্রক্রিয়া সহজীকরণের লক্ষ্যে ১৭.০৫.২০১৮ তারিখে অনুষ্ঠিত প্রধান কার্যালয়ের Senior Management Team (SMT) এর ১১তম সভার সুপারিশক্রমে একটি প্রস্তাবনা পরিচালনা পর্ষদের ৪৭৭তম সভায় (তারিখ ২২.০৫.২০১৮) উপস্থাপন করা হলে পর্ষদ কর্তৃক শস্য/ফসল ঋণ প্রদানের বর্তমান ঋণ বিতরণ প্রক্রিয়া নিম্নোক্তভাবে সহজীকরণ করা হয় :
 - ক) কোন ঋণগ্রহীতা কৃষক শস্য/ফসল ঋণের টাকা সুদাসলে সম্পূর্ণ পরিশোধ করলে ঐ দিনই ঋণ মঞ্জুর ও বিতরণ করা যাবে। এক্ষেত্রে ঋণ ও অগ্রিম বিভাগ-১ এর ০৮.০৫.২০১৭ তারিখের সার্কুলার নং ০১/২০১৭ এর ৩(ক) অনুচ্ছেদে বর্ণিত নির্দেশনা অনুসরণ করতে হবে।
 - খ) প্রথমবার ঋণ প্রদানকালে আবশ্যিকভাবে হালসনের খাজনার দাখিলা যাচাই করতে হবে। পরবর্তীতে খাজনার দাখিলা যাচাইয়ের প্রয়োজন হবে না।
 - গ) ঋণ ম্যানুয়েলে বর্ণিত শস্য/ফসল ঋণ বিতরণের অন্যান্য প্রচলিত নিয়মাবলী/শর্তাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে; এবং
 - ঘ) এ প্রক্রিয়ায় শস্য/ফসল ঋণ বিতরণ পদ্ধতি শাখা ব্যবস্থাপক নিবিড়ভাবে সার্বিক তত্ত্বাবধান করবেন।
- ০৫। ইহা অবিলম্বে কার্যকর হবে।
- ০৬। এতদবিষয়ে কোন ব্যাখ্যার প্রয়োজন হলে ঋণ ও অগ্রিম বিভাগ-১ এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

 ২৪.০৫.২০১৮


(খোন্দকার গোলাম মোস্তফা)
মহাব্যবস্থাপক (পরিচালন)

সূত্র নং- প্রকা/ঋণ/অবি-১/৪৬/২০১৭-২০১৮/৭৬৩(৪৪৪)

তারিখ : ঐ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৪। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৬। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
- ০৭। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ০৮। সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ০৯। উপ-মহাব্যবস্থাপক, রাকাব, ঢাকা শাখা, ঢাকা/ স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী।
- ১০। প্রকল্প পরিচালক, এসইসিপি, সিপিও, উপশহর, রাজশাহী।
- ১১। সহকারী মহাব্যবস্থাপক, ঝুঁকি ব্যবস্থাপনা ইউনিট, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ১২। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ১৩। সকল শাখা ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ১৪। অফিস নথি/মহানথি।

 ২৪.০৫.২০১৮

(জগন্নাথ ঘোষ)
উপ-মহাব্যবস্থাপক